

প্রেস বিজ্ঞপ্তি


নবনিযুক্ত শিক্ষা উপদেষ্টার সাথে বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সৌজন্য সাক্ষাৎ



বরিশাল বিশ্ববিদ্যালয়, ৬ মার্চ ২০২৫।

শিক্ষা মন্ত্রণালয়ের নবনিযুক্ত উপদেষ্টা প্রফেসর ড. সি.আর আবরার(চৌধুরী রফিকুল আবরার) এর সাথে অদ্য ৬ মার্চ ২০২৫ তারিখ সৌজন্য সাক্ষাৎ করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. শুচিতা শরমিন। সৌজন্য সাক্ষাৎকালে উপাচার্য মহোদয় শিক্ষা উপদেষ্টাকে ফুলেল শুভেচ্ছা প্রদান করেন। এসময় উপাচার্য মহোদয় মাননীয় শিক্ষা উপদেষ্টার কাছে বরিশাল বিশ্ববিদ্যালয়ের সার্বিক চিত্র তুলে ধরেন। এতে শিক্ষা উপদেষ্টা বরিশাল বিশ্ববিদ্যালয়ের সার্বিক উন্নয়নে পাশে থাকার অঙ্গীকার ব্যক্ত করেন। উভয়ের মধ্যে অত্যন্ত সৌহার্দ্যপূর্ণ পরিবেশে আলোচনা অনুষ্ঠিত হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে



(মো. ফয়সল মাহমুদ)

উপ-পরিচালক

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

